গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নথি নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০২.২০১৯.১৯৪ | তারিখ: ২৮.০৬.২০২১ খ্রি.

বিষয়: জনাব মো: শাহেদ আলী, অধ্যক্ষ, শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তকরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৪.১৮১৫১, তারিখ: ০১ এপ্রিল ২০২১।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব রোকেয়া নূর (প্রভাষক-আরবী), শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: শাহেদ আলী এর বিরুদ্ধে প্রশাসনিক ও মানসিক হয়রানি সংক্রান্তে অভিযোগ দাখিল করা হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য সূত্রোক্ত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। উক্ত অভিযোগের বিষয়ে আগামী ২৭.০৭.২০২১ তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় শিক্ষা মন্ত্রণালয়ে (কক্ষ নং-১৮১০, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) শুনানী অনুষ্ঠিত হবে। উক্ত শুনানীতে তাঁর বক্তব্যের সমর্থনে যাবতীয় তথ্যসহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক (অভিযোগপত্র)।

২৮/৬/২০২১

(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৫১৭
ই-মেইল: nongovt.secondary.Sec3@shed.gov.bd

**জনাব মো: শাহেদ আলী**
অধ্যক্ষ
শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

১. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [(i) জনাব মোঃ এনামুল হক হাওলাদার, উপ-পরিচালক (কলেজ-২), (ii) জনাব মো: শাহেদ আলী, অধ্যক্ষ এবং (iii) জনাব রোকেয়া নূর, (প্রভাষক-আরবী), শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা-কে ধার্য তারিখে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)]।
২. জনাব মোঃ এনামুল হক হাওলাদার, উপপরিচালক (কলেজ-২) , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ধার্য তারিখে উপস্থিত থেকে তদন্ত কার্যক্রম পরিচালনার অনুরোধসহ)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অধ্যক্ষ, শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা (তদন্তের সাথে সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সরবরাহের অনুরোধসহ)।
৬. জনাব রোকেয়া নূর, (প্রভাষক-আরবী), শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা (ব্যক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় তথ্যসহ শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ)।
৭. অফিস কপি।

Vol-D, Notice Board.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-৩)
www.shed.gov.bd

নম্বর : ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৪.১৮. ৯৫৩

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭ / ০১ এপ্রিল ২০২১

**বিষয় : ঢাকা জেলার "শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ" এর অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগ তদন্তকরণ।**

সূত্র : জনাব রোকেয়া নুর, প্রভাষক (আরবী), শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ এবং জনাব মো: রেজাউল করিম গং-এর ১৫/০২/২০২১ ও ২২/০৩/২০২১ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা- এঁর বিরুদ্ধে প্রশাসনিক ও মানসিক হয়রানির দাখিলকৃত অভিযোগপত্রসমূহ এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। দাখিলকৃত অভিযোগসমূহের বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামোতাবেক

০১.০৪.২০২১
(মোহাম্মদ জামাল হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৭৮০
ই-মেইল: govt.sec3@moedu.gov.bd

১) জনাব মো: কামরুল ইসলাম
উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) জনাব মোঃ এনামুল হক হাওলাদার
উপপরিচালক (কলেজ-২)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নম্বর : ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৪.১৮. ৯৫৩

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭ / ০১ এপ্রিল ২০২১

**অনুলিপি (সদয় অবগতি/ অবগতির জন্য):**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১.০৪.২০২১
(মোহাম্মদ জামাল হোসেন)
উপসচিব

E:\Rahim\Nationalization\মামলা ও অভিযোগ\letter.docx

রখ: ১৫/০২/২০২১ইং

বরাবর,
মাননীয় সচিব,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
রমনা, ঢাকা।

সচিব মহোদয়ের দপ্তর
24 MAR 2021
ডাইরী নং.......

বিষয়ঃ <u>অধ্যক্ষ কর্তৃক প্রশাসনিক ও মানসিক হয়রানি বন্ধের সুবিচার পাওয়ার জন্য আবেদন।</u>

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা'র 'আরবী' বিষয়ের একজন প্রভাষক। বিগত ১০/০৭/২০০৭ইং তারিখে আমি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অত্র প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্ত হই। অত্র প্রতিষ্ঠানে যোগদানের পর থেকে আমি অদ্যাবধি অত্যন্ত নিষ্ঠা, আন্তরিকতা, সততা এবং সর্বোচ্চ শ্রম ও মেধা দিয়ে প্রতিষ্ঠান কর্তৃক অর্পিত সমস্ত দায়িত্ব যথাযথভাবে পালন করে আসছি।

কিন্তু বর্তমান অধ্যক্ষ, জনাব মোঃ শাহেদ আলী ২০১৬ইং সনে অত্র প্রতিষ্ঠানে যোগদানের পর থেকে প্রতিষ্ঠানে চাকুরীর ক্ষেত্রে বিভিন্ন সুযোগ সুবিধা ভোগ করার প্রলোভন দেখিয়ে আমাকে তার দলে টানার সর্বাত্মক প্রচেষ্টা চালাতে থাকেন। আমার কাছে তিনি নিজে এবং তার কয়েকজন অনুসারি প্রভাষকের মাধ্যমে বিভিন্নভাবে তার মনের গোপন অভিব্যক্তি প্রকাশ করার চেষ্টা করেন। দেশের বিভিন্ন লোকেশনে ঘুরে বেড়ানো ও ভারত ভ্রমনের প্রস্তাবও তিনি আমাকে দেন। কিন্তু আমি ঘৃণাভরে তার এই প্রস্তাব বিভিন্ন কৌশলে এড়িয়ে চলি। এরপর থেকে অধ্যক্ষ এবং তার অনুসারি প্রভাষকগণ, অধ্যক্ষের প্রস্তাবে রাজি না হওয়ায় আমাকে প্রশাসনিক ভাবে বিভিন্ন চাপের মুখে ফাঁদে ফেলানোর প্রচেষ্টা অব্যাহত রাখে।

মহোদয়, আমি একজন নিরীহ মানুষ হিসেবে তার এই অপকর্মে অতীষ্ঠ হয়ে পরি। এরই ধারাবাহিকতায় ২০১৮ সালে আমাকে চাপে রাখার জন্য প্রতিদিন একটানা প্রথম তিনটি পিরিয়ড ক্লাস দিত (প্রতিটি ক্লাস ৪৫ মি. সময় ছিল) এর পর আরও ক্লাস দিতো কলেজের সময়ের শেষ দিকেও। আমার অসুস্থতার জন্য ছুটি চাইলে ছুটি প্রদান করতো না। পক্ষান্তরে আমাকে বলতো চলেন আপনাকে ভালো কোন হসপিটালে চিকিৎসা করাই অথবা দেশের বাইরে সিঙ্গাপুরে নিয়ে যাই।

মহোদয়, আমাকে মানুষিক ও দাপ্তরিকভাবে এতবেশী চাপে রাখার কারণে, আমি আমার পারিবারিক দায়িত্ব ঠিকভাবে পালন করতে পারতাম না। সবসময় মানসিক অশান্তিতে ভুগতে থাকি। অধ্যক্ষ কর্তৃক কখন কোন অজানা কারণে আমাকে অপদস্ত হতে হয় সেই ভয়ে।

মহোদয়, সেই কারণে আমার ছোট মেয়ে যথাযথ মাতৃত্বের ছোঁয়া ও সেবা থেকে বঞ্চিত হয়ে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়ে। তার চিকিৎসার জন্য অধ্যক্ষ স্যার আমাকে ছুটি দিতেও অনীহা প্রকাশ করেন। মেয়েকে নিয়ে ডাক্তার ও হাসপাতালে ছোটাছুটির মধ্যেই তিনি আমাকে পরপর কয়েকটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করে মানসিকভাবে আরো বিপর্যস্ত করে তোলেন। তার জনৈক অনুসারির মাধ্যমে আমাকে ডেকে নিয়ে বলেন, প্রশাসকের মনোরঞ্জন করে চললে এতো পেরেশানীতে থাকবেন না। তাছাড়া আমাকে প্রস্তাব পেশ করেন যে, আমি যেন অধ্যক্ষ স্যারকে সন্তুষ্ট রাখার সর্বোচ্চ চেষ্টা করি।

মহোদয়, প্রতিষ্ঠান প্রধান হিসেবে অধ্যক্ষ স্যারকে আমি যথেষ্ঠ সম্মান করি বিধায়, কখনও কোনো প্রশাসনের কাছে কোন অভিযোগ করিনি। যার ফলশ্রুতে বিগত ০৩/১১/২০২০ইং তারিখে তিনি আমাকে মিথ্যা ও বানোয়াট কারণ দর্শানো নোটিশ দেন। যখন বিশ্বব্যাপী করোনা মহামারীর মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ [illegible] অহেতুক সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট কারন দর্শানোর নোটিশ দিয়ে মানসিকভাবে হয়রানি করা শুরু ক[illegible]

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (মাধ্যমিক)
ডাইরী নং.......
তারিখ.......
১০.......
১১.......
১২.......
১৩.......

মাননীয় মহোদয়, আমি যথাযথভাবে উল্লেখিত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করি। কিন্তু তিনি সেটা প্রত্যাহার করে তাদের মতো করে উক্ত কারন দর্শানো নোটিশের জবাব প্রদানের জন্য আমাকে বিভিন্নভাবে চাপ প্রয়োগ ও ভয় ভীতি দেখাচ্ছেন। তার অনুসারি জনৈক প্রভাষক. এই বলেও হুমকি প্রদান করেন যে আপনার দুই মেয়েও রয়েছে. তাদের ভবিষ্যতের কথা ভেবে অধ্যক্ষ স্যারের ডাকে সাড়া দেন, তার কথা মতো চলেন, নাহলে এভাবে পেরেশানিতে থাকতে থাকতে আপনার বড় কোন ক্ষতি হতে পারে। তাছাড়াও আমাকে এ.সি.আর এর ক্ষেত্রে নম্বর কম ও বিরূপ মন্তব্য দিয়ে চাকুরী নিয়মিতকরণে বাঁধা সৃষ্টি ও চাকুরীচ্যুত করে দেয়ার হুমকি প্রদান করেন। সর্বপরি আমাকে প্রশাসনিক বিভিন্ন কাজে অসহযোগিতা করা হচ্ছে।

মহোদয়, কলেজ সরকারিকরণের বিভিন্ন ধাপ সম্পন্ন করার ক্ষেত্রে এবং জরুরী তথ্য জানার ক্ষেত্রে আমাকে বারবার হয়রানি করা হচ্ছে। সর্বশেষ মহামাণ্য রাষ্ট্রপতি বরাবর আবেদন করার জন্য সকল শিক্ষক-কর্মচারীর তথ্য নেওয়া হলেও আমাকে এ বিষয়ে কিছুই জানানো হয়নি। প্রতিষ্ঠানের হোয়াটস অ্যাপস গ্রুপ থেকে আমার আইডি রিমুভ করে দিয়েছে যাতে করে প্রতিষ্ঠানের যেকোনো সংবাদ আমি জানতে না পারি।

মহোদয়, যেখানে দেশের প্রধানমন্ত্রী নারীর ক্ষমতায়ন ও নিরাপত্তার ব্যাপারে সোচ্চার, সেখানে আমাকে কেন কর্মক্ষেত্রে এতো লাঞ্চনা বঞ্চনা সইতে হবে। আমি একজন শান্তিপ্রিয় ও নিরীহ মানুষ। তাই এতোগুলো বছর এরূপ অত্যাচার মুখ বুজে সহ্য করে আসছি। কিন্তু এখন আমার দেয়ালে পিঠ ঠেকে গেছে তাই সুবিচারের জন্য আপনার সরনাপন্ন হয়েছি।

মহোদয়, একজন নারী সহকর্মীকে এভাবে হেনস্থা ও ইভটিজিং করা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯, বিধি-২৭এ এর সম্পূর্ণ বিরোধী। বিধিমালা অনুযায়ী সরকারি কর্মচারীর কৃত অপরাধের জন্য মৌখিক ও লিখিত সর্তক করার বিধান থাকলেও কোন অপরাধ না করেও আমাকে বারবার কারণ দর্শানো নোটিশ দিয়ে মানসিকভাবে বিপর্যস্ত করে কর্তব্য কাজে অনীহা তৈরিতে উস্কানি দেয়া হচ্ছে। যা কিনা প্রকারান্তরে নারী নিযার্তনেরই সামিল।

মহোদয়, একটি প্রতিষ্ঠানের প্রধান যদি সহকর্মীর সাথে অশোভন ও অনৈতিক আচরণ করেন, তাহলে সেখানে চাকুরি করার পরিবেশ থাকে কিনা তা বিচার করার ভার আপনার সমীপে সবিনয়ে সমর্পন করলাম। এতদ্বসঙ্গে, আমার সাথে যে অন্যায় ও অবিচার হচ্ছে এর জন্য আমি আপনার নিকট সুবিচার প্রার্থনা করছি।

অতএব, মহোদয়ের নিকট সবিনয় প্রার্থণা এই যে, অধ্যক্ষ কর্তৃক হয়রানি বন্ধের জন্য, আমার ভবিষ্যত নিরাপত্তা ও চাকুরীর নিশ্চয়তা বিধানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার নিকট বিনীত ন্যায়বিচারের আরজ করছি।

নিবেদক-

রোকেয়া নূর
(প্রভাষক-আরবী)
শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ,
ঢাকা-১২০৪।
মোবাইল নম্বরঃ ০১৮২৩৩৭৯১৬৩।

15 FEB 2021

<u>সংযুক্তিঃ</u>
১। কারণ দর্শানো নোটিশের কপি এবং এর জবাবের ফটোকপি।